



## তথ্য কমিশন বাংলাদেশ

এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা

[www.infocom.gov.bd](http://www.infocom.gov.bd)

তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৫

### শোকবার্তা

তথ্য কমিশন বাংলাদেশের ডাটা এন্ড্রি অপারেটর জনাব মো: মামুন আজ ২৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখ রাত ১২.৩০ ঘটিকায় স্ট্রোকজনিত কারণে ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্সেস ও হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে তথ্য কমিশন বাংলাদেশ গভীর শোকাহত।

জনাব মো: মামুন তথ্য কমিশন বাংলাদেশে ২০১১ সালের ০৭ ডিসেম্বর যোগদান করেন। তিনি চাকরি জীবনে একজন কর্তব্যপরায়ণ, সৎ, দক্ষ, অমায়িক, আকর্ষণীয় গুণাবলী সম্পন্ন কর্মচারী হিসেবে সকলের নিকট সমাদৃত ছিলেন। তাঁর এ মৃত্যুতে তথ্য কমিশন একজন দক্ষ ও কর্তব্যপরায়ণ ব্যক্তিকে হারাল। তথ্য কমিশনের জন্য তাঁর অবদান আমরা গভীর কৃতজ্ঞতার সাথে স্মরণ করছি।

আমরা তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি এবং মরহমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি। মহান আল্লাহ রাব্বুল আলামীন তাঁকে জান্নাতবাসী করুন।

তথ্য কমিশন বাংলাদেশ এর কর্মচারীবৃন্দ